বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
www.caab.gov.bd

**বাংলাদেশের সকল বিমানবন্দর সজ্জিতকরণসহ অন্যান্য গৃহীত কর্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন।**

সূত্র : ৩০.০০.০০০০.০১০.২৩.০০১.২০.৪৮০/৯(৪), তারিখ : ১৬ সেপ্টেম্বর ২০২০খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ যেসকল কার্যক্রম গ্রহণ করেছে তার সর্বশেষ অগ্রগতি নিম্নে পেশ করা হলো ;

| ক্রমিক নং | পরিকল্পনা | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ১। | হযরতশাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের দর্শনীয় স্থানে বঙ্গাবন্ধু'র ম্যুরাল স্থাপন। | হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরের দর্শনীয় স্থানে বঙ্গাবন্ধুর ম্যুরালের নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী তার সুবিধামত সময়ে ম্যুরাল দুইটি উদ্বোধন করবেন। এ লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে । |
| ২। | বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের উন্নয়নমূলক কার্যক্রম ও বিভিন্ন অর্জন ডিজিটাল ডিসপ্লের মাধ্যমে প্রদর্শন। | বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের উন্নয়নমূলক কার্যক্রম বিমানবন্দরসমূহ ডিজিটাল ডিসপ্লের মাধ্যমে ২(দুই) মিনিট এর ভিডিও ক্লিপ প্রদর্শনের নিমিত্ত প্রস্তুত করা হয়েছে । এছাড়া হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের হোল্ডিং লাউঞ্জে বঙ্গাবন্ধুর ৭ই মার্চের ভাষণ, বঙ্গাবন্ধুর বিভিন্ন কার্যক্রম ও নিদেশনা, বেবিচকের অর্জন ও বিভিন্ন বিমানবন্দরের উন্নয়নমূলক কার্যক্রমের স্থিরচিত্র ও তথ্যাদি সহকারে ০৫ মিনিটের একটি ভিডিও ডকুমেন্টারি প্রচার করা হচ্ছে। |
| ৩। | সেবা সপ্তাহ পালন। | হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরসহ অন্যান্য বিমানবন্দরে মুজিব শতবার্ষিকী উপলক্ষ্যে ২টি বিশেষ সেবা সপ্তাহ পালনের নিমিত্ত নিম্নোক্ত সেবা নির্ধারণ করা হয়েছে- (১) ১৭ই মার্চ হতে ২৩শে মার্চ প্রথম সেবা সপ্তাহে মুক্তিযোদ্ধা, বয়স্ক যাত্রী ও প্রতিবন্ধীদের জন্য আলাদা সেবা বুথ স্থাপন করা হয়েছে । এছাড়া অন্যান্য যাত্রীদের জন্য আগমনী ও বহির্গমন স্থানে তিনটি করে বন্ধু সহায়তা/ May I Help You ডেস্ক স্থাপন করা হয়েছে । (২) ১১ মার্চ ২০২১ হতে ১৭ মার্চ ২০২১ হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরসহ দেশের সকল বিমানবন্দরে পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম গ্রহণ করা হবে । হশাআবিতে পরিষ্কার পরিচ্ছন্ন ও আধুনিক সুবিধা সম্বলিত washing room এর ব্যবস্থা করা হবে । উল্লেখ্য যে, হশাআবিতে চলমান washing room এর Renovation এর কাজ চলমান আছে-যা দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করা হবে । |
| ৪। | অধীনস্থ শিক্ষা প্রতিষ্ঠানসমূহে সকল শ্রেণিতে মেধাভিত্তিক বঙ্গাবন্ধুর নামে শিক্ষা বৃত্তি প্রদান। | বেবিচক'র আওতাধীন ঢাকা ও ঢাকার বাহিরের ০৫টি শিক্ষা প্রতিষ্ঠানে বঙ্গাবন্ধুর জন্মশত বার্ষিকী উপলক্ষ্যে অস্বচ্ছল ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা বৃত্তি প্রদানের নিমিত্ত শিক্ষার্থীদের মনোনীত করা হয়েছে- আগামী ২০২১ সালের জানুয়ারীতে বৃত্তির টাকা প্রদান করা হবে । |
| ৫। | বঙ্গাবন্ধুর উপর তথ্যচিত্র প্রদর্শনী। | বঙ্গাবন্ধুর জন্মশত বার্ষিকী উপলক্ষ্যে বঙ্গাবন্ধুর উপর নির্মিতব্য তথ্যচিত্র, এবং চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর হতে "Bangladesh Marches Ahead" শীর্ষক ডকুমেন্টারি সংগ্রহ করে সুসজ্জিত প্যানেলে স্থাপিত LED মনিটরের মাধ্যমে সকল বিমানবন্দরে প্রদর্শনের উদ্যোগ গ্রহণ করা হচ্ছে। এ উপলক্ষ্যে যে সকল বিমানবন্দরে LED টিভি স্থাপনের কাজ এখনো সম্পন্ন করা হয়নি,তা অতিদ্রুত সম্পন্ন করা হবে। |
| ৬। | বিমানবন্দরসমূহের ভিতরে এবং বাইরে পরিষ্কার-পরিচ্ছন্ন করণ এবং সৌন্দর্যবর্ধন। | বিমানবন্দর সমূহে সৌন্দর্য বর্ধিত করণের নিমিত্ত বিমানবন্দরের অভ্যন্তরীণ ও বাইরের এলাকায় পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম চলমান আছে। |
| ৭। | হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে বঙ্গাবন্ধু কর্নার স্থাপন। | হশাআবি বিমানবন্দরে নির্দিষ্ট স্থানে যাত্রী সাধারণের জন্য বঙ্গাবন্ধুর উপর রচিত বিভিন্ন বই পত্র ও ছবি সম্বলিত 'বঙ্গাবন্ধু কর্নার' স্থাপন করা হয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী তার সুবিধামত 'বঙ্গাবন্ধু কর্নার' উদ্বোধন করবেন। এ লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে । |

২০.০৯.২০২০
মোহাম্মদ আবিদুল ইসলাম
সহকারী পরিচালক (প্রশাসন)

| | | |
|---|---|---|
| ৮। | সিভিল এভিয়েশন দিবসে মুজিববর্ষের উপর গুরুত্বারোপ করে বিশেষ ক্রোড়পত্র প্রকাশ। | ৭ই ডিসেম্বর ২০২০ আন্তর্জাতিক সিভিল এভিয়েশন দিবসে বাংলা ও ইংরেজি জাতীয় পত্রিকায় বিশেষ ক্রোড়পত্র প্রকাশের উদ্যোগ নেওয়া হয়েছে। |
| ৯। | ওয়েবসাইটে ও প্যাডে বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে শুভেচ্ছা বার্তা। | ওয়েবসাইটে ও প্যাডে বঙ্গবন্ধুর শততম জন্মবার্ষিকী উপলক্ষ্যে শুভেচ্ছা বার্তা প্রকাশের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। |
| ১০। | বঙ্গবন্ধুর জীবন ও আদর্শের উপর দুইটি সেমিনারের আয়োজন। | বঙ্গবন্ধুর জীবন ও আদর্শের উপর দুইটি সেমিনার আয়োজন করার পরিকল্পনা গ্রহণ করা হয়। কিন্তু বিশ্বব্যাপী করোনা পরিস্থিতির কারণে স্বাস্থ্যবিধি মেনে চলার বাধ্যবাধকতা থাকায় তা সম্ভব হয়নি। করোনা পরিস্থিতি আরও উন্নতি হলে। সেমিনার দুইটি আয়োজন করা সম্ভব হবে। |
| ১১। | শুদ্ধাচার, নেতিকতা এবং সুশাসন বিষয়ক প্রশিক্ষণে বঙ্গবন্ধুর জীবন ও আদর্শের উপর আলোকপাত। | বেসামরিক বিমান চলাচল প্রশিক্ষণ কেন্দ্রে ও অভ্যন্তরীণ প্রশিক্ষণে বঙ্গবন্ধুর জীবন ও আদর্শের বিষয়টি অন্তর্ভুক্ত করা হয়েছে। সে অনুযায়ী কার্যক্রম পরিচালিত হচ্ছে। |
| ১২। | বিভিন্ন এয়ার লাইন্স সমূহে বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী পালন। | বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকী উপলক্ষ্যে বিভিন্ন এয়ারলাইন্সের সাথে বেবিচ কর্তৃপক্ষের সভা অনুষ্ঠিত হয়। করোনা পরিস্থিতির কারণে বিশ্বব্যপি বিমান চলাচল বিঘ্নিত হওয়া এয়ারলাইন গুলো ব্যাপক ক্ষতির সম্মুখীন হওয়ার পরও তাদের সাধ্য অনুযায়ী যাত্রীদের জন্য টিকিট ছাড় ও অন্যান্য সুযোগ সুবিধা প্রদানের মাধ্যমে বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী পালন করছে। |
| ১৩। | বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকী উপলক্ষ্যে বেবিচকের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানে ক্লাশভিত্তিক চিত্রাঙ্কনও রচনা প্রতিযোগিতার আয়োজন। | বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকী ও ১৫ই আগষ্ট উপলক্ষ্যে সিএএবি নিয়ন্ত্রণাধীন বিদ্যালয়সমূহে অনলাইনে কবিতা, চিত্রাঙ্কন এবং রচনা প্রতিযোগিতার আয়োজন করে বিজয়ী ছাত্র ছাত্রীদের পুরস্কার প্রদান করা হয়েছে। |
| ১৪। | মুজিববর্ষের শ্লোগান নিধারণ ও ব্যবহার। | বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকী উপলক্ষ্যে কর্তৃপক্ষের শ্লোগান নিধারণ করা হয়েছে- "মুজিববর্ষে হোক শপথ, আকাশ চলাচল রাখব নিরাপদ"। উক্ত স্লোগান অত্র দপ্তরের বিভিন্ন যোগাযোগের পত্র সমূহে ব্যবহার করা হচ্ছে। |
| ১৫। | বিমানবন্দরসমূহের বোর্ডিং ব্রিজে মুজিববর্ষের লোগো দিয়ে সু-সজ্জিত করণ। | হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দসহ দেশের সকল বিমানবন্দরের বোর্ডিংব্রিজে বঙ্গবন্ধুর ছবি ও মুজিববর্ষের লোগো সম্বলিত বোর্ড দিয়ে সু-সজ্জিত করা হয়েছে। |
| ১৬। | বিমানবন্দরসমূহে এলইডি টিভি/ডিসপ্লে স্থাপন। | দেশের সকল বিমানবন্দরে সুসজ্জিত প্যানেল ও LED টিভির মাধ্যমে বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী জাতীয় বাস্তবায়ন কমিটির সাথে সমন্বয় করে বেবিচক এর প্রস্তুতকৃত ও তাদের সরবরাহকৃত ভিডিও সমূহ প্রচারের ব্যবস্থা করা হবে। |
| ১৭। | বিমানবন্দরসমূহের আগমনী ও বহির্গমণ লাউঞ্জ সু-সজ্জিত করণ। | হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরসহ অন্যান্য বিমানবন্দরের আগমনী ও বহির্গমণ লাউঞ্জসহ বিমানবন্দরের অন্যান্য উল্লেখযোগ্য দৃশ্যমান স্থানে বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকীর লোগো সম্বলিত বোর্ড ও বিমানবন্দরসমূহের উন্নয়ন কার্যক্রমে সংশ্লিষ্ট স্থিরচিত্র স্থাপন করা হয়েছে। |
| ১৮। | হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে সিনিয়র সিটিজেন কর্নার স্থাপন। | বিদেশগামী দেশের সিনিয়র নাগরিকদের জন্য ইমিগ্রেশন সম্পন্ন করে বিমানে আরোহনের পূর্ব পর্যন্ত সময়ে বিশ্রামের নিমিত্ত হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে একটি সিনিয়র সিটিজেন কর্নার তৈরী করা হয়েছে। |
| ১৯। | হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের সম্মুখে সার্বক্ষণিকভাবে সুউচ্চ মাস্তুলে জাতীয় পতাকা উত্তোলন। | বিশ্বব্যাপী করোনা পরিস্থিতির কারনে মুজিববর্ষের অনেক কার্যক্রম সংক্ষেপ করা করা হয় বা বাদ দেওয়া হয়। যেহেতু কাজটির অনুমোদন পাওয়া যাইনি তাই প্রশাসনিক মন্ত্রণালয়ে অনুষ্ঠিত APA সভায় বিষয়টি বাদ দেওয়া হয়। |

২৭.০৭.২০২০
মোহাম্মদ আবিদুল ইসলাম
সহকারী পরিচালক (প্রশাসন)

২৯/০৭/২০২০
মোহাম্মদ নুরুল ইসলাম
উপ-পরিচালক (প্রশাসন)

পরিচালক (প্রশাসন)
সি.এ.এ.বি.সদর দপ্তর ঢাকা।